

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
কালকিনি, মাদারীপুর।

স্মারক নং-৩৩.০১.৫৪৪০.০০০.১১.০০৮.২২.৮৬৩

তারিখঃ ২৩/০৮/২০২২খ্রি.

বিষয়ঃ কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) নিয়োগ বিজ্ঞপ্তি।

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় "প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প" এর কার্যক্রম মাঠ পর্যায়ে শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে কালকিনি উপজেলার সকল ইউনিয়নের প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাস চাষে উত্থুদ্ধকরণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিয়ন্ত্রণে প্রকল্প চলাকালীন সময়ের জন্য ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি -০২ কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্মিলিত তথ্যাদি সহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো। অগ্রহীনের আগামী ১৫/০৯/২০২২খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে চাহিত তথ্যাদিসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ১। ডিপিপির সংস্থান মোতাবেক ভাতা/পারিশ্রমিক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- নন-জুডিশিয়াল স্টাম্প চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে অগ্রহী হতে হবে।
- ২। সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন এলাকার সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
- ৩। নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে অগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে অগ্রহী হতে হবে।
- ৪। উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয় বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে অগ্রহী হতে হবে।
- ৫। প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশ মোতাবেক সম্পন্ন করতে অগ্রহী হতে হবে।
- ৬। অফিস সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
- ৭। বয়স ২০-৪৫ এর মধ্যে হতে হবে তবে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্প সমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ৮। অধিদপ্তরধীন চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের সুবিধাভোগী এ প্রকল্পের আওতায় সুফলভোগী হিসাবে নির্বাচন করা যাবে না।
- ৯। আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) এর উল্লিখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথ ভাবে পালনের মানসিকতা থাকতে হবে।

ডাঃ মোঃ জুলফিকার আলী
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
কালকিনি, মাদারীপুর।
মোবঃ ০১৭১১০৪৭০৭১
julfikarbau@gmail.com

তারিখঃ ২৩/০৮/২০২২খ্রি.

স্মারক নং-৩৩.০১.৫৪৪০.০০০.১১.০০৮.২২.৮৬৩

সদস্য অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারীপুর।
- ২। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, বাংলাদেশ, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর।
- ৪। উপজেলা কৃষি অফিসার, কালকিনি, মাদারীপুর।
- ৫। নোটিশ বোর্ড চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,
- ৬। অফিস কপি।

ডাঃ মোঃ জুলফিকার আলী
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
কালকিনি, মাদারীপুর।
মোবঃ ০১৭১১০৪৭০৭১
julfikarbau@gmail.com